কৃষিই সমৃদ্ধি

বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি

বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

www.dae.gov.bd

“আমি চাই আমার জনগণ হাসুক, আনন্দ করুক, পেট ভরে ভাত খাক।
আমার জনগণ মানুষের মতো বাস করুক, সুষ্ঠু, সুন্দর সোনার বাংলা গড়ে উঠুক।”

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

"এক ইঞ্চি জমিও অনাবাদি রাখা যাবে না, খাদ্যে স্বয়ংসম্পূর্ণ থাকার জন্য যতটুকু সম্ভব খাদ্য উৎপাদনে জমির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী

জননেত্রী শেখ হাসিনা

বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩

উপদেষ্টা পরিষদ

বাদল চন্দ্র বিশ্বাস
মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

মোঃ রেজাউল করিম
পরিচালক (পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

মোঃ খায়রুল আলম
পরিচালক (প্রশিক্ষণ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

মোঃ জয়নাল আবেদীন
পরিচালক (প্রশাসন ও অর্থ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

সংকলন ও সম্পাদনায়

ড. ফ.ম. মাহবুবুর রহমান
অতিরিক্ত পরিচালক (প্রকল্প পরিকল্পনা), পরিকল্পনা,প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

ড. মোঃ শাখাওয়াত হোসেন শরীফ
উপপরিচালক (প্রকল্প বাস্তবায়ন), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

রেহানা সুলতানা
উপপরিচালক (কারিকুলাম ডেভেলপমেন্ট এন্ড এডুকেশন), প্রশিক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

প্রকাশনা কর্মকর্তা

তাহসীন তাবাসসুম
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

প্রকাশকাল
জুন ২০২৪

১ম সংখ্যা
২০০০ (দুই হাজার) কপি

মুদ্রণ ও বাঁধাই
কলেজগেট বাইন্ডিং এন্ড প্রিন্টিং
কলেজগেট, মোহাম্মদপুর, ঢাকা।

প্রকাশনায়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dae.gov.bd

উপদেষ্টা পরিষদ

বাদল চন্দ্র বিশ্বাস
মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

মোঃ রেজাউল করিম
পরিচালক (পরিকল্পনা
প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

মোঃ খায়রুল আলম
পরিচালক (প্রশিক্ষণ)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

মোঃ জয়নাল আবেদীন
পরিচালক (প্রশাসন ও অর্থ উইং)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

সংকলন ও সম্পাদনায়

ড. ফ.ম. মাহবুবুর রহমান
অতিরিক্ত পরিচালক (প্রকল্প পরিকল্পনা)
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

ড. মোঃ শাখাওয়াত হোসেন শরীফ
উপপরিচালক (প্রকল্প বাস্তবায়ন)
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

রেহানা সুলতানা
উপপরিচালক
(কারিকুলাম ডেভেলপমেন্ট এন্ড এডুকেশন)
প্রশিক্ষণ উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

প্রকাশনা কর্মকর্তা

তাহসীন তাবাসসুম
প্রকাশনা কর্মকর্তা, প্রশিক্ষণ উইং

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত কমিটি

মোঃ রেজাউল করিম
পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
সভাপতি

কে জে এম আব্দুল আউয়াল
পরিচালক, হর্টিকালচার উইং
সদস্য

ড. মোঃ হজরত আলী
অতিরিক্ত পরিচালক
উদ্ভিদ সংগনিরোধ উইং
সদস্য

ড. মোঃ শাখাওয়াত হোসেন শরীফ
উপপরিচালক (প্রকল্প বাস্তবায়ন)
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
সদস্য

হাসান ইমাম
উপপরিচালক
(সার্ভিলেন্স এন্ড ফোরকাস্টিং)
সদস্য

মোছাঃ শারমীন আখতার
উপপরিচালক (দানাদার ফসল)
ক্রপস উইং
সদস্য

ড. মোঃ আবু জাফর আল মুনছুর
উপপরিচালক (মনিটরিং),
সরেজমিন উইং
সদস্য

মোহাম্মদ কায়কোবাদ খান
অতিরিক্ত উপপরিচালক
প্রশাসন ও অর্থ উইং
সদস্য

সাইদুজ্জামান
উদ্যান উন্নয়ন কর্মকর্তা, বছরব্যাপী ফল
উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন প্রকল্প
সদস্য

তাহসীন তাবাসসুম
প্রকাশনা কর্মকর্তা, প্রশিক্ষণ উইং
সদস্য সচিব

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের সম্পাদিত কার্যাবলির ওপর বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। নিঃসন্দেহে এ উদ্যোগ প্রশংসার দাবি রাখে।

বাংলাদেশে অর্থনৈতিক উন্নয়ন অগ্রযাত্রায় কৃষি অন্যতম চালিকাশক্তি। অনাদিকাল থেকে এদেশের মানুষ খাদ্য, বস্ত্র ও বাসস্থানসহ মৌলিক চাহিদা পূরণের জন্য কৃষির ওপর নির্ভর করে আসছে। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উপলব্ধি করেছিলেন দেশের আর্থসামাজিক উন্নয়ন করতে হলে কৃষির উন্নয়ন করতে হবে। একারণেই স্বাধীনতার পরপরই তিনি যুদ্ধবিধ্বস্ত দেশ পুনর্গঠনে কৃষি খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছিলেন। সূচনা করেছিলেন সবুজ বিপ্লবের। জাতির পিতার প্রদর্শিত পথেই কৃষির সার্বিক উন্নয়নে নানামুখী কার্যক্রম বাস্তবায়ন করছে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার। বর্তমান সরকারের অব্যাহত কৃষিবান্ধব নীতি ও কৌশল গ্রহণের কারণে নানান সংকট মোকাবেলা করে কৃষির উৎপাদনধারা অব্যাহত রাখা এবং খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয়েছে। দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা ধরে রাখতে পেরেছে। ধান উৎপাদনে বাংলাদেশ এখন বিশ্বে তৃতীয়, সবজি উৎপাদনে তৃতীয়, পাট উৎপাদনে দ্বিতীয়, আলু ও আম উৎপাদনে সপ্তম এবং পেয়ারা উৎপাদনে অষ্টম স্থান অধিকার করেছে। জীবিকা নির্বাহের কৃষি এখন বাণিজ্যিক, টেকসই ও স্মার্ট কৃষিতে রূপান্তরের পথে। কৃষিতে বাংলাদেশের সাফল্য সারা পৃথিবীর কাছে আজ এক রোল মডেল।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) কৃষি মন্ত্রণালয়াধীন দেশের সর্ববৃহৎ কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী সংস্থা। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক প্রণীত রূপকল্প ২০৪১, এসডিজি-২০৩০, জাতীয় কৃষিনীতি, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, জাতীয় কৃষি সম্প্রসারণ নীতি, ডেল্টাপ্ল্যান-২১০০ এবং অন্যান্য পরিকল্পনা দলিলের আলোকে কৃষির উন্নয়ন, টেকসই খাদ্য নিরাপত্তা অর্জন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে ডিএই নিরলস কার্যক্রম অব্যাহত রেখেছে। কৃষিতে উৎপাদনটাই হচ্ছে বড় চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ মোকাবেলায় সংস্থাটি দুই শতাধিক ফসলের উৎপাদন, দলভিত্তিক সম্প্রসারণ সেবা প্রদান, সেচ ব্যবস্থাপনা, বীজ ব্যবস্থাপনা, ফসল সংগ্রহোত্তর ব্যবস্থাপনা, প্রক্রিয়াজাতকরণ, কৃষি যান্ত্রিকীকরণ, ই-কৃষি জনপ্রিয়করণ, মানসম্পন্ন কৃষি উপকরণ সহজলভ্যকরণ ও বিপণন প্রযুক্তির সম্প্রসারণসহ বিভিন্ন দুর্যোগ কৃষকের পাশে থেকে প্রায় ২৭০০০ জনবলের মাধ্যমে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। প্রতি বছর কৃষি আবাদি জমি কমে (০.৭৩% হারে) গেলেও আধুনিক ও লাগসই কৃষি প্রযুক্তিসমূহের কার্যকর সম্প্রসারণের কারণে ফসলের উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও সংস্থাটি জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলায় বিভিন্ন ফসলের এলাকাভিত্তিক অভিযোজন কলাকৌশল মাঠ পর্যায়ে সম্প্রসারণ করছে।

বার্ষিক প্রতিবেদনটি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সামগ্রিক কর্মতৎপরতার প্রতিফলনের পাশাপাশি তথ্য-উপাত্ত প্রকাশের একটি কার্যকর মাধ্যম হবে বলে আমার দৃঢ় বিশ্বাস। এ প্রকাশনার সার্বিক সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(ড. মোঃ আব্দুস শহীদ, এমপি)

সচিব
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের সার্বিক কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দৃঢ়ভাবে বিশ্বাস করতেন যে গ্রামীণ প্রান্তিক মানুষের মুক্তি, অগ্রগতি ও দারিদ্র্যবিমোচন অনেকটা কৃষির অগ্রগতির ওপর নির্ভরশীল। বঙ্গবন্ধু প্রণীত প্রথম পঞ্চবার্ষিক (১৯৭৩-৭৮) পরিকল্পনায় কৃষিতে বরাদ্দের পরিমাণ ছিল ৩১ শতাংশ। বিশাল জনগোষ্ঠীর এই বাংলাদেশে খাদ্য নিরাপত্তা, কর্মসংস্থান, দারিদ্র্যবিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কৃষির গুরুত্ব অপরিসীম। জনসংখ্যা বৃদ্ধির কারণে বসতবাড়ির সংখ্যা বৃদ্ধি, শিল্পায়ন ও বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের কারণে কৃষি জমি ক্রমশ হ্রাস পাচ্ছে। সে সাথে রয়েছে জলবায়ু পরিবর্তনজনিত বিরূপ প্রতিক্রিয়া। এ ধরনের চ্যালেঞ্জ মোকাবেলা করে কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে বলে আমি মনে করি। বর্তমান কৃষিবান্ধব সরকারের বাস্তবমুখী পদক্ষেপে দেশ খাদ্যে আজ স্বয়ংসম্পূর্ণতার দ্বারপ্রান্তে।

আজ বাংলাদেশ খাদ্য উৎপাদন তথা কৃষি সাফল্যে পৃথিবীতে অসাধারণ এক জায়গা করে নিয়েছে। আর এ সাফল্য এসেছে আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর হাত ধরে। বঙ্গবন্ধুর দেখানো পথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে খাদ্য ঘাটতির দেশ আজ খাদ্য উদ্বৃত্ত দেশে পরিণত হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষিতে সবুজ বিপ্লবের সূচনা করেন। বঙ্গবন্ধুর দর্শন অনুসরণ করেই আজ আমরা কৃষিতে সমৃদ্ধি অর্জন করেছি। সার, বীজ আর সেচ ব্যবস্থাকে সহজলভ্য করে দেওয়া হয়েছে। বিভিন্ন শস্য উৎপাদনে নিয়মিত প্রণোদনা পাচ্ছেন দেশের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকরা। কৃষিতে শ্রম সংকটের নিরসনে ভর্তুকি মূল্যে হারভেস্টর, পাওয়ার থ্রেসারসহ প্রয়োজনীয় কৃষি যন্ত্র প্রদান করা হচ্ছে। লাভজনক কৃষি ব্যবস্থা প্রবর্তনে কৃষি বিপণন ব্যবস্থার উন্নতিকরণ, রপ্তানিমুখী কৃষি পণ্য উৎপাদনে বিশেষ গুরুত্ব প্রদান এবং উত্তম কৃষি চর্চা বাস্তবায়ন করা হচ্ছে। যেমন- কফি, কাজুবাদাম ইত্যাদি চাষের উদ্যোগ গ্রহণ এবং দেশের চাহিদা পূরণে মসলা ও তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধিতে বিশেষ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। আম রপ্তানির জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কৃষি ভাবনায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রয়াসসমূহ আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রশংসিত হয়েছে।

এ বার্ষিক প্রতিবেদনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের সার্বিক কর্মকান্ডের প্রতিচ্ছবি প্রতিফলিত হয়েছে বলে আমি মনে করি। এর মাধ্যমে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর এবং বিভিন্ন প্রতিষ্ঠান এ অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে জানতে পারবে।

বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানাচ্ছি।

(ওয়াহিদা আক্তার)

মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

মুখবন্ধ

আমাদের অর্থনীতির মূল অবকাঠামো কৃষির ওপর দন্ডায়মান। তাই বিশাল জনগোষ্ঠীর এই বাংলাদেশে খাদ্য নিরাপত্তা, কর্মসংস্থান, দারিদ্র্যবিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কৃষির গুরুত্ব অপরিসীম। যে দেশের অর্থনীতি কৃষির ওপর দাঁড়িয়ে আছে এবং যে দেশের শ্রমশক্তির ৪০% এর অধিক কর্মসংস্থানের সৃষ্টি করেছে এই খাত সে দেশের জাতীয় আয়ে কৃষির ভূমিকা কতটা গুরুত্বপূর্ণ তা বলার অপেক্ষা রাখে না (তথ্য সূত্রঃ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, কৃষি সেক্টর)। তবে ক্রমবর্ধমান জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা বর্তমানে একটি বিরাট চ্যালেঞ্জ। যেখানে প্রতি বছর ০.৭৩% হারে কৃষি জমি কমে যাচ্ছে (তথ্য সূত্র: অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, কৃষি সেক্টর), সেখানে সীমিত কৃষি জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে অধিক ফসল উৎপাদনের জন্য লাগসই প্রযুক্তির ব্যবহার, প্রতিকূল পরিবেশসহিষ্ণু নতুন নতুন জাত ও প্রযুক্তি উদ্ভাবনের পাশাপাশি জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানো, তথ্য প্রযুক্তিকে কাজে লাগিয়ে কৃষির আধুনিকীকরণ, শস্যের নিবিড়তা বৃদ্ধি ও বহুমুখীকরণের মাধ্যমে পুষ্টিসমৃদ্ধ খাদ্যের জোগান নিশ্চিতকল্পে কৃষক, কৃষিকর্মী, সম্প্রসারণবিদ, গবেষক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ নিরলস অবদান রেখে যাচ্ছেন। বর্তমান সরকারের কৃষিবান্ধব নীতির ফলে খাদ্যশস্য উৎপাদনে বাংলাদেশ অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে।

খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে কৃষি উপকরণ খাতে ক্রমাগত উন্নয়ন সহায়তা প্রদান, ন্যায্যমূল্যে কৃষি উপকরণ সরবরাহ, শস্য বহুমুখীকরণ, আধুনিক কৃষি ব্যবস্থা প্রবর্তন, উত্তম কৃষি চর্চা, লাভজনক পরিবেশবান্ধব ও টেকসই কৃষির প্রবৃদ্ধি নিশ্চিতকরণে সরকার সুদূরপ্রসারী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করছে। কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, কৃষিজাত পণ্যের মান নিয়ন্ত্রণ, ফসল সংরক্ষণের ব্যবস্থা গ্রহণসহ কৃষিজাত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করার ব্যবস্থা নেওয়া হয়েছে। খামার যান্ত্রিকীকরণসহ পরিবর্তিত জলবায়ুর সাথে মোকাবেলা করার জন্য ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার নিশ্চিতকরণে বিভিন্ন ফসলের উন্নত, অধিক ফলনশীল ও পুষ্টিসমৃদ্ধ জাত এবং কৃষি প্রযুক্তি উদ্ভাবনের কার্যক্রম চলমান রয়েছে। অঞ্চলভিত্তিক প্রকল্প ও কর্মসূচি গ্রহণের মাধ্যমে কৃষি জমির আওতা সম্প্রসারণ ও একাধিক ফসল উৎপাদনের সুযোগ সৃষ্টি করে খাদ্য উৎপাদন বৃদ্ধির ধারা অব্যাহত রয়েছে। এছাড়াও কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের বীজ, সার ও অন্যান্য উপকরণ সহায়তা প্রদানের মাধ্যমে নিয়মিতভাবে কৃষি পুনর্বাসন/প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উন্নয়নমূলক কর্মকাণ্ডসহ ২০২২-২৩ অর্থবছরের সার্বিক কার্যক্রমের উল্লেখযোগ্য সকল তথ্য উপাত্ত এ বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রতিবেদনে সন্নিবেশিত তথ্য ভবিষ্যতে গবেষণা, কর্মপরিকল্পনা, শিক্ষা ও প্রশিক্ষণ কাজের তথ্যসূত্র হিসেবে ব্যবহার করা যাবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। স্বল্প সময়ে অত্যন্ত নিপুণতার সাথে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকাণ্ডের বিবরণ তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন সম্পাদনায় জড়িত সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

আমি এই প্রকাশনার সাফল্য কামনা করছি।

(বাদল চন্দ্র বিশ্বাস)

সূচিপত্র

ক্র.নং	বিষয়	পৃষ্ঠা নং
১	এক নজরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	২১
২	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মোট জনবলের তথ্য	২১
৩	প্রশাসন ও অর্থ উইং এর পরিচিতি, কার্যক্রমসমূহ ও অর্জন	২৩
৪	হর্টিকালচার উইং এর পরিচিতি, কার্যক্রমসমূহ ও অর্জন	৩১
৫	প্রশিক্ষণ উইং এর পরিচিতি, কার্যক্রমসমূহ ও অর্জন	৩৫
৬	ক্রপস উইং এর পরিচিতি, কার্যক্রমসমূহ ও অর্জন	৪০
৭	সরেজমিন উইং এর পরিচিতি, কার্যক্রমসমূহ ও অর্জন	৪৪
৮	উদ্ভিদ সংরক্ষণ উইং এর পরিচিতি, কার্যক্রমসমূহ ও অর্জন	৪৮
৯	উদ্ভিদ সংগনিরোধ উইং এর পরিচিতি, কার্যক্রমসমূহ ও অর্জন	৫২
১০	পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং এর পরিচিতি, কার্যক্রমসমূহ ও অর্জন	৫৮
১১	প্রকল্পসমূহ	৬১
১২	“আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে রাজশাহী বিভাগের কৃষি উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)”	৬২
১৩	সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প	৬৩
১৪	ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্প (সিএসএডব্লিউএম) (ডিএই পার্ট)	৬৫
১৫	ক্লাইমেট-স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্প	৬৬
১৬	কাজুবাদাম ও কফি গবেষণা, উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প	৬৭
১৭	বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন প্রকল্প	৬৮
১৮	লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্প (১ম সংশোধিত)	৭০
১৯	মাশরুম চাষ সম্প্রসারণের মধ্যমে পুষ্টি উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্প	৭২
২০	ভাসমান বেডে সবজি ও মসলা চাষ গবেষণা, সম্প্রসারণ ও জনপ্রিয়করণ প্রকল্প, ২য় সংশোধিত (ডিএই অংগ)	৭৩
২১	মসলার উন্নত জাত ও প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্প (১ম সংশোধিত)	৭৪
২২	অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)	৭৫
২৩	দিনাজপুর অঞ্চলে টেকসই কৃষি উন্নয়ন প্রকল্প	৭৬
২৪	জগন্নাথপুর ও মোহনগঞ্জ উপজেলায় দুটি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)	৭৭
২৫	তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প	৭৮
২৬	আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প (১ম সংশোধিত)	৮০
২৭	কন্দাল ফসল উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)	৮২
২৮	গোপালগঞ্জ, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা ও পিরোজপুর কৃষি উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত), ডিএই।	৮৩
২৯	স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (২য় সংশোধিত)	৮৪
৩০	রংপুর বিভাগ কৃষি ও গ্রামীণ উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)	৮৬
৩১	বরিশাল, পটুয়াখালী, ভোলা, ঝালকাঠি, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর কৃষি উন্নয়ন শীর্ষক প্রকল্প (১ম সংশোধিত)	৮৮
৩২	কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ (১ম সংশোধিত) প্রকল্প (কম্পোনেন্ট-সি- বিডব্লিউসিএসআরপি)	৮৯
৩৩	যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্প	৯০
৩৪	পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্প (১ম সংশোধিত)	৯১
৩৫	আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)	৯২
৩৬	কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প	৯৩
৩৭	কেন্দ্রীয় প্যাকিং হাউজে স্থাপিত উদ্ভিদ সংগনিরোধ ল্যাবরেটরিকে আন্তর্জাতিক মানসম্পন্ন ল্যাবরেটরিতে রূপান্তর (১ম সংশোধিত) প্রকল্প ।	৯৪
৩৮	রফতানিযোগ্য আম উৎপাদন প্রকল্প	৯৬
৩৯	বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (১ম সংশোধিত)	৯৭

ক্র.নং	বিষয়	পৃষ্ঠা নং
৪০	২০২২-২৩ অর্থবছরের সমাপ্ত প্রকল্পের নাম	৯৮
৪১	ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) প্রকল্পের তথ্য	৯৮
৪২	ফল, সবজি ও দানাদার ফসলের বালাই ঝুকি বিশ্লেষণ বিষয়ক কর্মসূচির তথ্য	১০০
৪৩	লাভজনক পদ্ধতিতে গ্রীষ্মকালীন টমেটো ও পেঁয়াজ উৎপাদন বৃদ্ধি কর্মসূচির তথ্য	১০১
৪৪	গোপালগঞ্জ জেলার জলাবদ্ধ ও অনাবাদি পতিত জমিতে ফসল উৎপাদন কর্মসূচির তথ্য	১০৩
৪৫	বাংলাদেশের অপ্রচলিত ও বিলুপ্তপ্রায় ফল উৎপাদন ও সম্প্রসারণ কর্মসূচির তথ্য	১০৫
৪৬	কৃষির উন্নয়ন ধারায় আগামী দিনের চ্যালেঞ্জ	১০৬
৪৭	চ্যালেঞ্জ থেকে উত্তরণের উপায়সমূহ	১০৭
৪৮	পরিশিষ্ট-১ (হর্টিকালচার উইং এর আওতায় ক্যাটাগরি ভিত্তিক হর্টিকালচার সেন্টারসমূহের নাম)	১০৮
৪৯	পরিশিষ্ট-২ (উদ্ভিদ সংগনিরোধ উইং এর আওতায় ক্যাটাগরি ভিত্তিক উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্রসমূহের নাম ও অবস্থান)	১১০
৫০	পরিশিষ্ট-৩ (প্রশিক্ষণ উইং এর অধীন বিভাগ ও জেলা অনুযায়ী এটিআইসমূহের অবস্থান)	১১০

এক নজরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

বাংলাদেশে আধুনিক কৃষি সম্প্রসারণের ব্যাপ্তি অর্ধশতাব্দীর মতো হলেও এর পেছনে শতাধিক বর্ষের ঘটনাবহুল ইতিবৃত্ত রয়েছে। ১৮৬২-৬৫ সালের ভয়াবহ দুর্ভিক্ষ মোকাবেলার জন্য দুর্ভিক্ষ কমিশন প্রথম কৃষি বিভাগ প্রতিষ্ঠার সুপারিশ করে। যার ফলশ্রুতিতে ১৮৭০ সালে রাজস্ব বিভাগের অংশ হিসেবে কৃষি বিভাগের জন্ম হয়। পরবর্তীতে ১৯০৬ সালে স্বতন্ত্র কৃষি বিভাগ প্রতিষ্ঠা করা হয়। একই সময়ে ঢাকায় মনিপুরে (বর্তমান জাতীয় সংসদ ভবন এলাকায়) কৃষি খামারটি প্রতিষ্ঠা করা হয়। যা ১০০০ একর জমি নিয়ে বিস্তৃত। খামারটি কৃষি বিভাগের সঙ্গে সম্পৃক্ত করা হয়। ১৯০৯ সালে উক্ত খামারের কৃষি গবেষণার জন্য একটা ল্যাবরেটরি স্থাপন করা হয়। ১৯১৪ সালে তৎকালীন প্রতিটি জেলায় একজন করে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা নিয়োগ দেওয়া হয়। এদের মধ্যে কোন কৃষি বিজ্ঞানে জ্ঞান সম্পন্ন কর্মকর্তা ছিলেন না। পরবর্তীতে ১৯৪৩ সালে সর্বপ্রথম বাংলাদেশ কৃষি কলেজ থেকে পাশ করা গ্রাজুয়েটগণ কৃষি বিভাগে যোগদান করেন এবং তখন থেকেই বাস্তবিক পক্ষে কৃষি সম্প্রসারণের কাজ শুরু হয়।

১৯৫০ সালে তৎকালীন পূর্ব পাকিস্তানে কৃষি ও শিল্প উন্নয়ন (ভিএআইডি) প্রকল্পের মাধ্যমে কৃষকদের সম্প্রসারণ শিক্ষা ও উন্নয়ন কর্মকাণ্ড শুরু হয়, পরবর্তীতে ১৯৫৬ সালে উদ্ভিদ সংরক্ষণ পরিদপ্তর, ১৯৬১ সালে বিএডিসি, ১৯৬২ সালে এআইএস, ১৯৭০ সালে ডাইরেক্টরেট অফ এগ্রিকালচার এক্সটেনশন এন্ড ম্যানেজমেন্ট (ডিএইএম) এবং ডাইরেক্টরেট অফ এগ্রিকালচার রিসার্স এন্ড এডুকেশন (ডিএআরই) সৃষ্টি হলেও কৃষি ও কৃষকের উন্নয়নে তেমন কোন পরিকল্পিত সুযোগ সৃষ্টি হয়নি। স্বাধীনতা পরবর্তী ১৯৭২ সালে কৃষি সম্প্রসারণ কর্মকাণ্ডকে জোরদার করার লক্ষ্যে তুলা উন্নয়ন বোর্ড, তামাক উন্নয়ন বোর্ড, হর্টিকালচার বোর্ড এবং ১৯৭৫ সালে কৃষি পরিদপ্তর (পাট উৎপাদন), কৃষি পরিদপ্তর (সম্প্রসারণ ও ব্যবস্থাপনা) নামে ফসলভিত্তিক স্বতন্ত্র প্রতিষ্ঠানসমূহ সৃষ্টি করা হয়। কিন্তু একই কৃষকের জন্য বিভিন্নমুখী/ রকম সম্প্রসারণ বার্তা ও কর্মকান্ড মাঠ পর্যায়ে নেতিবাচক প্রভাব ফেলে। ফলশ্রুতিতে ১৯৮২ সালে ফসল প্রযুক্তি সম্প্রসারণে নিয়োজিত ছয়টি সংস্থা যথা ডাইরেক্টরেট অফ এগ্রিকালচার (এক্সটেনশন এন্ড ম্যানেজমেন্ট), ডাইরেক্টরেট অফ এগ্রিকালচার (জুট প্রোডাকশন), উদ্ভিদ সংরক্ষণ পরিদপ্তর, হর্টিকালচার বোর্ড, তামাক উন্নয়ন বোর্ড এবং সেন্ট্রাল এক্সটেনশন রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (সার্ডি) একত্রিভূত করে বর্তমান কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সৃষ্টি করা হয়। কৃষি বিভাগ ১৯৭৭ সাল থেকে ১৯৯০ সাল পর্যন্ত প্রবর্তিত "প্রশিক্ষণ ও পরিদর্শন (টিএন্ডভি)" পদ্ধতির মাধ্যমে এবং ১৯৯০ সালের পর হতে অদ্যাবধি দলীয় সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে দেশের কৃষি ও কৃষককে অত্যন্ত সফলতা ও সুনামের সাথে সেবা প্রদান করেছে। পরিকল্পিত এবং অংশিদারত্বমূলক সম্প্রসারণ সেবা প্রদানের জন্য ১৯৯৬ সালে নতুন কৃষি সম্প্রসারণ নীতি (এনএইপি) বাস্তবায়নের কাজ শুরু হয়। বর্তমানে ৮টি উইং এর সমন্বয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বিভাগীয় কার্যক্রম পরিচালনা করছে। "কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের দায়িত্ব হলো সকল শ্রেণির চাষিদেরকে তাদের চাহিদাভিত্তিক ফলপ্রসু ও কার্যকর সম্প্রসারণ সেবা প্রদান করা যাতে তারা তাদের সম্পদের সর্বোত্তম ব্যবহার করে স্থায়ী কৃষি ও আর্থসামাজিক উন্নয়নে অবদান রাখতে পারে।"

ক. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ক্যাডার জনবলের তথ্য

ক্রমিক নং	গ্রেড নং	জনবল			মন্তব্য
		অনুমোদিত	কর্মরত	শূন্য	
১	গ্রেড ১	১	০	১	
২	গ্রেড ২	১০	৬	৪	
৩	গ্রেড ৩	৫৯	৩৩	২৬	
৪	গ্রেড ৪	০	০	০	
৫	গ্রেড ৫	৪০৪	৪০২	২	
৬	গ্রেড ৬	১৩৪৪	১২৫০	৯৪	
৭	গ্রেড ৭	০	০	০	
৮	গ্রেড ৮	০	০	০	
৯	গ্রেড ৯	১৩৬৩	৫৯৩	৬২২	
সর্বমোট		৩১৮১	২২৮৪	৭৪৯	

খ. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নন-ক্যাডার জনবলের তথ্য

ক্রমিক নং	গ্রেড নং	জনবল			মন্তব্য
		অনুমোদিত	কর্মরত	শূন্য	
৫	গ্রেড ৫	৩	৩	০	
৬	গ্রেড ৬	৪৪	১৮	২৬	
৭	গ্রেড ৭	-	-	-	
৮	গ্রেড ৮	-	-	-	
৯	গ্রেড ৯	২৯৮	৬০	২৩৮	
১০	গ্রেড ১০	১৫৪৪৯	১২৫০৯	২৯৪০	
১১	গ্রেড ১১	৬	১	৫	
১২	গ্রেড ১২	৬	৬	০	
১৩	গ্রেড ১৩	৩৫০	১৩৬	২১৪	
১৪	গ্রেড ১৪	৮৬২	৫৫৪	৩০৮	
১৫	গ্রেড ১৫	১	১	০	
১৬	গ্রেড ১৬	১৯৩৯	১৩৫৩	৫৮৬	
১৭	গ্রেড ১৭	৫২১	৩৪৬	১৭৫	
১৯	গ্রেড ১৯	১৭	৮	৯	
২০	গ্রেড ২০	৩৭৫১	২৮৫৮	৮৯৩	
আউটসোর্সিং		৫৬১	৪২০	১৪১	
	সর্বমোট	২৩৮০৮	১৮২৭৩	৫৫৩৫	

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকৌশল

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দেশের সর্ববৃহৎ সম্প্রসারণ সেবা প্রদানকারী সংস্থা যার সাংগঠনিক কাঠামোতে মোট অনুমোদিত পদের সংখ্যা ২৬০৪২ দেশব্যাপী কৃষি সম্প্রসারণ সেবা জোরদারকরণের মাধ্যমে কৃষির সার্বিক অগ্রগতি ও উন্নয়নের নিমিত্তে সংস্থার এ বিপুল জনশক্তি ও সম্পদসমূহের ব্যবহারে কৌশলি হওয়া বাঞ্চনীয়। সেই লক্ষে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রথম কৌশলগত পরিকল্পনা (১৯৯৯-২০০২) প্রণয়নকরত: তা বাস্তবায়ন করা হয়। উক্ত পরিকল্পনা বাস্তবায়নকালে অর্জিত জ্ঞানকে কাজে লাগিয়ে সংস্থাটি ২০০২-২০০৬ সময়কালে পরবর্তী কৌশল পরিকল্পনা (২০০২-২০০৬) এর বাস্তবায়ন করে যা একবিংশ শতাব্দীর নতুন চ্যালেঞ্জসমূহকে মোকাবেলায় সংস্থাটিকে এক নতুন কার্যকরী রুপ প্রদান করতে একটি অত্যন্ত দৃঢ় ও কার্যকর পদক্ষেপ হিসেবে বিবেচিত।

উল্লিখিত কৌশলগত পরিকল্পনাদ্বয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সার্বিক পরিকল্পনা কাঠামোকে সহায়তা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট নীতিমালাসমূহ যেমন জাতীয় কৃষি নীতি, জাতীয় গ্রামীণ উন্নয়ন নীতি, জাতীয় অর্থনৈতিক উন্নয়ন কৌশল, দারিদ্র্যবিমোচন ও সামাজিক উন্নয়ন (আই-পিআরএসপি) এবং নতুন কৃষি সম্প্রসারণ নীতি (এনএইইপি) প্রভৃতির সহায়ক হিসেবে প্রণীত হয়। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিম্নবর্ণিত আটটি (০৮) উইং এর মাধ্যমে তার ভিশন ও মিশন অর্জনে কাজ করে যাচ্ছে।

প্রশাসন ও অর্থ উইং

১. প্রশাসন ও অর্থ উইং এর পরিচিতিঃ

এ উইং এর কাজ হচ্ছে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করা এবং বরাদ্দকৃত অর্থের ব্যয় সংক্রান্ত হিসাব ও নিরীক্ষা নিশ্চিত করা সকল উইং এর বার্ষিক রাজস্ব বাজেট তৈরির কাজ সমন্বয়ের পাশাপাশি মাঠ পর্যায়ের সকল অফিসসহ অত্র অধিদপ্তরের সকল প্রকার রাজস্বের হিসাব ও এর প্রতিবেদন রক্ষণাবেক্ষণ করাও এই উইং এর কাজ।এছাড়া ডিএই এর কর্মকর্তা/ কর্মচারীদের সরকারি বিধান মোতাবেক আর্থিক ও প্রশাসনিক জটিলতা ও সমস্যা সমাধানে কাজ করে যাচ্ছে এ উইং। ডিএই এর ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশ অনুযায়ী জনবল নিয়োগ ও বদলীর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার মাধ্যমে ডিএই এর জনবলের হালনাগাদ রেকর্ড সংরক্ষণ করে এ উইং।

প্রশাসন ও অর্থ উইং এর প্রধান কার্যক্রম সমূহঃ

- অধিদপ্তরের সকল উইং-এর বার্ষিক রাজস্ব বাজেট তৈরির সমন্বয় সাধন
- অধিদপ্তরের সকল প্রকার রাজস্ব বাজেট ও খরচের হিসাব রক্ষণাবেক্ষণ
- অধিদপ্তরের সকল জনবল নিয়োগ, বদলি ও ব্যবস্থাপনার প্রশাসনিক দায়িত্ব পালন
- অধিদপ্তরের স্থাবর-অস্থাবর সম্পত্তির হাল-নাগাদ রেকর্ড রক্ষণাবেক্ষণ ও জটিলতা নিরসনে ব্যবস্থা গ্রহণ
- বিভিন্ন উৎস হতে প্রাপ্ত যানবাহন অধিদপ্তরের পরিবহন পুলে গ্রহণ, বরাদ্দ প্রদান এবং রক্ষণাবেকক্ষণ
- অধিদপ্তরের কর্ম পরিবেশ, ভৌত অবকাঠামো ব্যবস্থাপনা, নিরাপত্তা এবং গতিশীলতা নিশ্চিতকরণ
- অধিদপ্তরের সর্ব প্রকার প্রশাসনিক কার্যক্রম পরিচালনা ও ব্যস্থাপনা ইত্যাদি।

প্রশাসন ও অর্থ উইং এর অর্জন :

ক. রাজস্ব বাজেট ব্যবস্থাপনা:

২০২২-২৩ অর্থবছরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের রাজস্ব বাজেট বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য

(হাজার টাকায়)

অর্থনৈতিক কোড	আইটেম	প্রাক্কলিত ব্যয়				মোট বাজেট বরাদ্দ/ প্রাক্কলিত ব্যয় ২০২২-২৩	মন্তব্য
		প্রথম কোয়ার্টার	দ্বিতীয় কোয়ার্টার	তৃতীয় কোয়ার্টার	চতুর্থ কোয়ার্টার		
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোটঃ প্রধান কার্যলয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালন ব্যয়							
	প্রাক্কলিত ব্যয়	২৩৪৮১২	৩৬১১৯৬	২৮৪৬৬২	৪২০২০২	১৩০০৮৭২	
	প্রকৃত	২০০৩৯৩	২৫৯৫৭০	২৭৯৭৭৬	৩৩২৪৭১	১০৭২২১০	৮২.৪২%
মোটঃ অতিরিক্ত পরিচালকের কার্যলয়সমূহ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালন ব্যয়							
	প্রাক্কলিত ব্যয়	৫৩১৫৪	৫৭১৪৩	৬৯০৭৪	৭৪৫৬৯	২৫৩৯৪০	
	প্রকৃত	৫০৫৫০	৫০৭৮০	৬৩৮৭৭	৬৫৩৬৯	২৩০৫৭৬	৯০.৮০%
উপপরিচালকের কার্যলয়সমূহ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালন ব্যয়							
	প্রাক্কলিত ব্যয়	২১৩৭৫৬	২২৪৯১০	২৩৯১২৭	৩৮৭০৭৮	১০৬৪৮৭১	
	প্রকৃত	২২১২৮৬	২২২৭৪৯	২৫৮২৫১	৩১১৫০৯	১০১৩৭৯৫	৯৫.২০%
উপজেলা কৃষি অফিসারের কার্যলয়সমূহ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালন ব্যয়							
	প্রাক্কলিত ব্যয়	২৬৫৪৫২৬	২৭১৫২৪৮	২৯০৩৭৮২	৪১৫৬৫৯২	১২৪৩০১৪৮	
	প্রকৃত	২৮২৭১৩৬	২৭০৭১৯০	৩২০২৮৭৩	২৬৯৯৬৫৪	১১৪৩৬৮৫৩	৯২.০১%
মেট্রোপলিটন থানা কৃষি কর্মকর্তার কার্যলয়সমূহ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালন ব্যয়							
	প্রাক্কলিত ব্যয়	৪৬২১২	৪৮১৩২	৫০১৭২	৭৬৭৯৩	২২১৩০৯	

	প্রকৃত	৪২৯৬১	৪১৮৮৫	৫০৫০৩	৫৫২২১	১৯০৮৭০	৮৬.২৫%
হর্টিকালচার সেন্টারসমূহ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালন ব্যয়							
	প্রাক্কলিত ব্যয়	১৯৭৮৮৩	২২৪১৬১	২৩২৭২৯	৩৩২৩৫৩	৯৮৭১২৬	
	প্রকৃত	২২০৪০৬	১৮৮৮১০	২২৯০৮২	২৬৯৫২০	৯০৭৮১৮	৯১.৯৭%
উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্রসমূহ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালন ব্যয়							
	প্রাক্কলিত ব্যয়	৩০৯৫৭	৩৮৫১২	৪০৪৩১	৬৬৪০৯	১৭৬০০৯	
	প্রকৃত	২৮৫৭১	৩৫০৬১	৩৭১৬৩	৮৯৯১৫	১৫০৭১০	
কৃষি প্রশিক্ষণ কেন্দ্রসমূহ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালন ব্যয়							
	প্রাক্কলিত ব্যয়	১২৮৫১১	১৩৩৫২৫	১৬২৩৩৫	২১৬১০৪	৬৪০৪৭৫	
	প্রকৃত	১২৩৫৫৯	১২৯৪৮৬	১৬০২২৯	১৮৫৭৩৪	৫৯৯০১৮	৯৩.৫৩%

২০২২-২৩ অর্থবছরে অর্থনৈতিক কোডওয়ারি মোট বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য

(হাজার টাকায়)

অর্থনৈতিক কোড	আইটেম	প্রাক্কলিত ব্যয়				মোট বাজেট বরাদ্দ/ প্রাক্কলিত ব্যয় ২০২২-২৩	মন্তব্য
		প্রথম কোয়ার্টার	দ্বিতীয় কোয়ার্টার	তৃতীয় কোয়ার্টার	চতুর্থ কোয়ার্টার		
১	২	৩	৪	৫	৬	৭	৮
	প্রাক্কলিত ব্যয়	৩৫৫৯৮১১	৩৮০২৮২৭	৩৯৮২০১২	৫৭৩০১০০	১৭০৭৪৭৫০	
	প্রকৃত ব্যয়	৩৭১৪৮৭২	৩৬৩৫৫৩১	৪২৮২০৫৪	৩৯৬৯৩৯৩	১৫৬০১৮৫০	**৯১.৩৭%**

খ. উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা:

২০২২-২৩ অর্থবছরে উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য

প্রতিবেদনধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমান ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা
৩৭	১৮৯০.৩৮০	১৫৯৬.১৯৭ ৮৪.৪৪%	১২ টি

গ. বিভিন্ন পর্যায়ের জনবল নিয়োগ:

১. ক্যাডার কর্মকর্তা নিয়োগের বিবরণঃ

বিসিএস (কৃষি) ক্যাডার	নিয়োগের সাল	নিয়োগের পরিমাণ
৩৭ তম	২০১৯	৪৬
৩৮ তম	২০২১	২২২
৪০ তম	২০২২	২৫০

২. উপসহকারী কৃষি কর্মকর্তা নিয়োগের বিবরণঃ

উপসহকারী কৃষি কর্মকর্তা	নিয়োগের সাল	নিয়োগের পরিমাণ
১০ম গ্রেড (মুক্তিযোদ্ধা কোটা)	২০১৭	৪০০
১০ম গ্রেড	২০১৮	-
১০ম গ্রেড	২০১৯	১৬৫০
১০ম গ্রেড (পিএসসির মাধ্যমে সুপারিশকৃত)	২০২৩	১৩০২

৩. কর্মচারী (গ্রেড ১৪- গ্রেড ২০) নিয়োগের বিবরণঃ

জনবল	নিয়োগের সাল	নিয়োগের পরিমাণ
গ্রেড ১৪- গ্রেড ২০	২০১৯	৭৩২
গ্রেড ১৪- গ্রেড ২০	২০২৩	১৩১১

ঘ. স্থাবর সম্পত্তি ব্যবস্থাপনা:

১. ২০২২-২৩ অর্থবছরে জমি-জমা উদ্ধার কার্যক্রম সংক্রান্ত তথ্যঃ

মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা নাম	সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থা-সমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	দায়েরকৃত মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	১৬	৩২	০৫	৫৩	৬১

উল্লেখ্য যে, ০১/০৭/২০২২ খ্রি. তারিখের পূর্বে পুঞ্জিভূত মামলার সংখ্যা ৬৮১টি। ২০২২-২৩ অর্থ বছরে ৫৩টি মামলা দায়ের হওয়ায় মোট মামলার সংখ্যা ৭৩৪টি। তন্মধ্যে ৬১টি মামলা নিষ্পত্তি হয়েছে (সরকার পক্ষে নিষ্পত্তিকৃত মামলা ৪৯টি এবং সরকারের বিপক্ষে নিষ্পত্তিকৃত মামলা ১২টি)। বর্তমানে চলমান মোট মামলা সংখ্যা ৬৭৩টি।

২. ২০২২-২৩ অর্থবছরে বেদখল জমির পরিমাণ সংক্রান্ত (একরে) তথ্যঃ

ক্রঃ নং	দপ্তর/সংস্তার নাম	মোট জমির পরিমাণ (একরে)	দখলীয় জমির পরিমাণ (একরে)	বেদখলকৃত জমির পরিমাণ (একরে)	বেহাত/বেদখল হওয়ার কারণ (একরে)	রিপোর্টিং/ প্রতিবেদনাধীন মাসে উদ্ধারকৃত জমির পরিমাণ (একরে)	বেদখলকৃত জমি উদ্ধারে গৃহীত পদক্ষেপ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১	ঢাকা অঞ্চল	১০৩.২৯৯১	৮৪.০০১৫	১৯.২৯৭৬	১. ভূমি আত্মসাৎকারী। ২. পূর্বের মালিকদের ওয়ারিশগণ বিভিন্ন কৌশলে দখলের চেষ্টায় লিপ্ত রয়েছে। ৩. সীমানা প্রাচীর না থাকায়। ৪. ইউনিয়ন কমপ্লেক্স নির্মাণ করায়।	০	বেদখলীয় জমি উদ্ধারের জন্য এসি (ল্যান্ড) অফিস, ইউএনও অফিস, ডিসি অফিসসহ বিজ্ঞ আদালতে ডিএই হতে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে।	১। ডিএই'র বেদখলীয় জমি উদ্ধারের জন্য বিজ্ঞ আদালতে মামলা বিচারাধীন আছে। ২। ডিএইর যে সকল বেদখলীয় জমি সরকার টু সরকার , ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে সমঝোতার মাধ্যমে মীমাংসা করা সম্ভব হয়, সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।
২	চট্টগ্রাম অঞ্চল	৫৩.৮৩	৪৩.৭৩৫	১০.০৯৫				
৩	রাজশাহী অঞ্চল	১৫৬.৩৪৮৮	১৪০.৫৫৫৮	১৫.৭৯৩				
৪	বগুড়া অঞ্চল	১৬৯.১৯৪৫	১৫৮.৪৭১৪	১০.৭২৩১				
৫	রংপুর অঞ্চল	২৭৮.৭০৭৫	২৫১.৫	২৭.২০৭৫				
৬	দিনাজপুর অঞ্চল	৬০.৬৭	৫১.৭২	৮.৯৫				
৭	খুলনা অঞ্চর	১২৭.৩০৭	১১২.৫৪৬৯	১৪.৭৬০১				
৮	যশোর অঞ্চল	৭১.৪৩৯৭	৬২.৮২৯৭	৮.৬১				
৯	বরিশাল অঞ্চল	১৭৭.৪১	১৫০.৩১৭	২৭.০৯৩				
১০	ফরিদপুর অঞ্চল	১৪৩.৩১৪৯	১৪৩.৩১৪৯	০				
১১	সিলেট অঞ্চল	১১৫.১৬১৬	৯৩.৬৪৩৬	২১.৫১৮				
১২	ময়মনসিংহ অঞ্চল	২৩৪.২০৮৯	২০০.০১৮৯	৩৪.১৯				

১৩	কুমিল্লা অঞ্চল	৪৬.২৬৯২	৪২.২৩২৩	৪.০৩৬৯				
১৪	রাঙ্গামাটি অঞ্চল	৩৪৪.৮৮৭	৩২৯.৬৯৭	১৫.১৯				
সর্বমোট=		২০৮২.০৪৮২	১৮৬৪.৫৮৪০	২১৭.৪৬৪২	তথ্য যাচাই-বাছাই করা হচ্ছে। ফলে ভবিষ্যতে পরিমাণ কম-বেশি হতে পারে।			

৩. ২০২২-২৩ অর্থবছরে বাউন্ডারী দেয়াল নির্মাণের তথ্যঃ

ক্র:নং	কার্যালয়/আঞ্চলিক কার্যালয়/অফিসের নাম	দপ্তর/সংস্থার মোট জমির পরিমাণ (একরে)	মোট প্রয়োজনীয় বাউন্ডারি দেয়ালের পরিমাণ (একরে)	বর্তমান বাউন্ডারি দেয়ালের পরিমাণ (ব.ফুট)	অবশিষ্ট প্রয়োজনীয় বাউন্ডারি দেয়ালের পরিমাণ (একরে)	প্রতিবেদনাধীন মাসে নির্মিত বাউন্ডারি দেয়ালের পরিমাণ (ব.ফুট)	অবশিষ্ট বাউন্ডারি দেয়াল নির্মাণে গৃহীত পদক্ষেপ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১	ঢাকা অঞ্চল	১০৩.২৯৯১	৯৭৫৬৮৮	৬১৫৪৩	৯১৪১৪৫	০	ডিএই'র নিষ্কণ্ঠক জমিতে বাউন্ডারি ওয়াল নির্মাণের বিষয়ে পর্যাপ্ত বরাদ্দ না থাকায় সীমানা প্রাচীর নির্মাণ করা বিলম্ব হচ্ছে। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের হতে পর্যাপ্ত বরাদ্দ প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলো।	১। ডিএইর যে সকল জমির বিষয়ে বিজ্ঞ আদালতে মামলা বিচারাধীন রয়েছে সে সব জমিতে সীমানা প্রাচীর নির্মাণ করা সম্ভব হচ্ছে না।
২	চট্টগ্রাম অঞ্চল	৫৩.৮৩	৪৪২৮১২	৩৫৪০৯	৪০৭৪০৩			
৩	রাজশাহী অঞ্চল	১৫৬.৩৪৮৮	৫৭২৬৯৭	১৪১৩৯	৪৩০৫৫৮			
৪	বগুড়া অঞ্চল	১৬৯.১৯৪৫	৭৬২২২৪	১৭২৩০৯	৫৮৯৯১৫			
৫	রংপুর অঞ্চল	২৭৮.৭০৭৫	৮৭২৯০৮	২৮২৪৫	৮৪৪৬৬৩			
৬	দিনাজপুর অঞ্চল	৬০.৬৭	২০৫৮৩৪	১৩৮১১০	৬৭৭২৪			
৭	খুলনা অঞ্চর	১২৭.৩০৭	১১১৯৭৭১	৭১৮৩৭	১০৪৭৯৩৪			
৮	যশোর অঞ্চল	৭১.৪৩৯৭	৪৮৩৬২৩	১৩৩০২	৪৭০৩২১			
৯	বরিশাল অঞ্চল	১৭৭.৪১	২৮৫৪২	২৪২৬৮	৪২৭৪			
১০	ফরিদপুর অঞ্চল	১৪৩.৩১৪৯	৫৫৬২৯	১২৭৪২	৪২৮৮৭			
১১	সিলেট অঞ্চল	১১৫.১৬১৬	৯৫৫৬৭৮	২৮২৬১	৯২৭৪১৭			
১২	ময়মনসিংহ অঞ্চল	২৩৪.২০৮৯	১৫১১৫৪১	৪১০৪১৬	১১০১১২৫			
১৩	কুমিল্লা অঞ্চল	৪৬.২৬৯২	২৫৮৭৬০	৬৪৬	২৫২৩১৪			
১৪	রাঙ্গামাটি অঞ্চল	৩৪৪.৮৮৭	১১১৬৯৬৮৯	৬৫৬৫	১১১৬৩১২৪			
সর্বমোট=		২০৮২.০৪৮২	১৯৪১৫৩৯৬	১১৫১৫৯২	১৮২৬৩৮০৪	তথ্য যাচাই-বাছাই করা হচ্ছে। ফলে ভবিষ্যতে পরিমাণ কম-বেশি হতে পারে।		

৪. ২০২২-২৩ অর্থবছরে জমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত তথ্যঃ

ক্র:নং	কার্যালয়/আঞ্চলিক কার্যালয়/অফিসের নাম	দপ্তর/সংস্থার মোট জমির পরিমাণ (একরে)	ভূমি উন্নয়ন কর পরিশোধকৃত জমির পরিমাণ (একরে)	ভূমি উন্নয়ন কর পরিশোধের অবশিষ্ট জমির পরিমাণ (একরে)	প্রতিবেদনাধীন মাসে ভূমি উন্নয়ন কর পরিশোধের অবশিষ্ট জমির পরিমাণ (একরে)	ভূমি উন্নয়ন কর পরিশোধের জন্য গৃহীত পদক্ষেপ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	ঢাকা অঞ্চল	১০৩.২৯৯১	৩১.৮৪০০	৭১.৪৫৯১	০ বছরে	ডিএইর নিষ্কণ্ঠক জমির ভূমি উন্নয়ন কর পরিশোধের বিষয়ে এসি (ল্যান্ড) অফিসে	তাছাড়া যে সকল জমির বিষয়ে বিজ্ঞ আদালতে মামলা বিচারাধীন
২	চট্টগ্রাম অঞ্চল	৫৩.৮৩	৪১.৭৩০০	১২.১০০০			
৩	রাজশাহী অঞ্চল	১৫৬.৩৪৮৮	১৩২.৭১	২৩.৬৩৮৮			
৪	বগুড়া অঞ্চল	১৬৯.১৯৪৫	৪৫.২৫১৬	১২৩.৯৪২৯			
৫	রংপুর অঞ্চল	২৭৮.৭০৭৫	১০০.৩৪০০	১৭৮.৩৬৭৫			
৬	দিনাজপুর অঞ্চল	৬০.৬৭	৪৯.০৭০০	১১.৬০০০			

৭	খুলনা অঞ্চর	১২৭.৩০৭	১১১.৪৬২৮	১৫.৮৪৪২		নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে। ২০২১-২২ অর্থ বছরে কত টাকা ভূমি উন্নয়ন কর পরিশোধ করা হয়েছে তা পরবর্তী অর্থ বছরের শুরুতে জানানো হবে।	রয়েছে সে সব জমির ভূমি উন্নয়ন কর পরিশোধ করা সম্ভব না।
৮	যশোর অঞ্চল	৭১.৪৩৯৭	৫৩.০১৫২	১৮.৪২৪৫			
৯	বরিশাল অঞ্চল	১৭৭.৪১	১৪৪.১৮০০	৩৩.২৩০০			
১০	ফরিদপুর অঞ্চল	১৪৩.৩১৪৯	০	১৪৩.৩১৪৯			
১১	সিলেট অঞ্চল	১১৫.১৬১৬	৭৮.৬৯৫৬	৩৬.৪৬৬০			
১২	ময়মনসিংহ অঞ্চল	২৩৪.২০৮৯	১২৩.৭৩০০	১১০.৪৭৮৯			
১৩	কুমিল্লা অঞ্চল	৪৬.২৬৯২	২৭.৫৭৮৬	১৮.৬৯০৬			
১৪	রাঙ্গামাটি অঞ্চল	৩৪৪.৮৮৭	০	৩৪.৮৮৭০			
সর্বমোট=		২০৮২.০৪৮২	৯৩৯.৬০৩৮	১১৪২.৪৪৪৪	তথ্য যাচাই-বাছাই করা হচ্ছে। ফলে ভবিষ্যতে পরিমাণ কম-বেশি হতে পারে।		

৫. ২০২২-২৩ অর্থবছরে জমির নামজারি সংক্রান্ত তথ্যঃ

ক্র:নং	কার্যালয়/আঞ্চলিক কার্যালয়/অফিসের নাম	দপ্তর/সংস্থার মোট জমির পরিমাণ (একরে)	ভূমি উন্নয়ন কর পরিশোধকৃত জমির পরিমাণ (একরে)	ভূমি উন্নয়ন কর পরিশোধের অবশিষ্ট জমির পরিমাণ (একরে)	প্রতিবেদনাধীন মাসে ভূমি উন্নয়ন কর পরিশোধের অবশিষ্ট জমির পরিমাণ (একরে)	ভূমি উন্নয়ন কর পরিশোধের জন্য গৃহীত পদক্ষেপ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	ঢাকা অঞ্চল	১০৩.২৯৯১	১৮.৭৭৫০	৮৪.৫২৪১	০	ডিএইর নিষ্কণ্ঠক জমির নামজারির জন্য সরকার টু সরকার, সরকার টু ব্যক্তি/প্রতিষ্ঠান এবং এসি (ল্যান্ড) অফিসে নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে।	তাছাড়া যে সকল জমির বিষয়ে বিজ্ঞ আদালতে মামলা বিচারাধীন রয়েছে সে সব জমির নামজারি করা সম্ভব হচ্ছে না।
২	চট্টগ্রাম অঞ্চল	৫৩.৮৩	৪১.৯২০০	১১.৯১০০			
৩	রাজশাহী অঞ্চল	১৫৬.৩৪৮৮	১২৮.৫৯৫৮	২৭.৭৫৩			
৪	বগুড়া অঞ্চল	১৬৯.১৯৪৫	১১১.৬২৫৬	৫৭.৫৬৮৯			
৫	রংপুর অঞ্চল	২৭৮.৭০৭৫	১৩৪.২৯০০	১৪৪.৪১৭৫			
৬	দিনাজপুর অঞ্চল	৬০.৬৭	০	৬০.৬৭০০			
৭	খুলনা অঞ্চর	১২৭.৩০৭	৬.৩১৫০	১২০.৯৯২			
৮	যশোর অঞ্চল	৭১.৪৩৯৭	৫৫.৬১৯৭	১৫.৮২০০			
৯	বরিশাল অঞ্চল	১৭৭.৪১	০	১৭৭.৪১০০			
১০	ফরিদপুর অঞ্চল	১৪৩.৩১৪৯	০	১৪৩.৩১৪৯			
১১	সিলেট অঞ্চল	১১৫.১৬১৬	৩০.১৭২০	৮৪.৯৮৯৬			
১২	ময়মনসিংহ অঞ্চল	২৩৪.২০৮৯	১৩৯.৪৫৭৪	৯৪.৭৫১৫			
১৩	কুমিল্লা অঞ্চল	৪৬.২৬৯২	১.৭৪০০	৪৪.৫২৯২			
১৪	রাঙ্গামাটি অঞ্চল	৩৪৪.৮৮৭	০	৩৪৪.৮৮৭০			
সর্বমোট=		২০৮২.০৪৮২	৬৬৮.৫১০৫	৬৬৮.৫১৫	তথ্য যাচাই-বাছাই করা হচ্ছে। ফলে ভবিষ্যতে পরিমাণ কম-বেশী হতে পারে।		

৬. অস্থাবর সম্পত্তি ব্যবস্থাপনা:

১. সদর দপ্তর থেকে উপজেলা পর্যায় পর্যন্ত বিদ্যমান যানবাহনের বিবরণ

ক্রমিক নং	অফিসের নাম	গাড়ির সংখ্যা	মন্তব্য
১.	ডিএই সদর দপ্তর	৮৯	
২.	প্রকল্প সমূহ	৩৯	
৩.	আঞ্চলিক অফিস	১৪	
৪.	কৃষি প্রশিক্ষণ ইনষ্টিটিউট	২১	
৫.	জেলা অফিস	৭১	
৬.	হর্টিকালচার সেন্টার	৫২	
৭.	উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র	৯	
৮.	উপজেলা অফিস	২৫৬	
	সর্বমোট=	৫৫১	

২. বছরওয়ারি যানবাহন টিও এন্ড ই ভুক্তকরণের বিবরণঃ

ক্রমিক নং	অর্থবছর	টিও এন্ড ই ভূক্ত গাড়ির সংখ্যা	প্রাপ্তির উৎস	বর্তমান অবস্থা	মন্তব্য
১	এনাম কমিটি	১৬৭	বিবিধ	সচল/অচল	-
২	২০১৮-১৯	১৫০	উন্নয়ন প্রকল্প ঃ ক. উপজেলা পর্যায়ে কৃষক প্রশিক্ষণের জন্য প্রযুক্তি হস্থান্তর প্রকল্প খ. শস্য বহুমুখীকরণ প্রকল্প গ. পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প	সচল	-
৩	২০২২-২৩	১০৭	উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ ৩য় পর্যায়ে প্রকল্প	সচল	-

প্রশাসন উইং এর কার্যক্রমের চিত্রঃ

ডিএইর সদর দপ্তরের ১০-১৬ তম গ্রেডের গণকর্মচারীদের 'আনুতোষিক ও মাসিক পেনশন নির্ণয়' বিষয়ক প্রশিক্ষণে বক্তব্য রাখছেন প্রশাসন ও অর্থ উইং এর সম্মানিত পরিচালক মহোদয়

বিভিন্ন সময়ে প্রশাসন ও অর্থ উইং পরিচালক মহোদয় কর্তৃক প্রদর্শনী প্লট পরিদর্শন।

হর্টিকালচার উইং

২. হর্টিকালচার উইং পরিচিতি:

বাংলাদেশের অর্থনীতিতে ফলদ, ভেষজ, সবজি, মসলা, শোভাবর্ধনকারী উদ্ভিদ ও অন্যান্য উদ্যান ফসলের গুরুত্ব অপরিসীম। উদ্যান ফসল অর্থনীতি ও পরিবেশ উন্নয়নের পাশাপাশি পুষ্টির দিক হতেও অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বাংলাদেশে বর্তমানে প্রায় ৭০ ধরণের ফল, ৯০ ধরণের শাকসবজি, ৩০ ধরণের মসলা জাতীয় ফসল ও বিভিন্ন রকমের ফুল, ভেষজ ও শোভাবর্ধনকারী উদ্ভিদ উৎপাদিত হচ্ছে। দেশের প্রায় ১৬ কোটি ৭ লাখ মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, পুষ্টি সমস্যা সমাধান, মানব সম্পদ উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য দূরীকরণ, নারীর ক্ষমতায়ন, জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবেলায় লাগসই প্রযুক্তি প্রয়োগ, পরিবেশবান্ধব কৃষি, উচ্চমূল্য ফসল উৎপাদন, রপ্তানিমুখী কৃষি পণ্য উৎপাদনে কৃষক ও উদ্যোক্তাদের চাহিদা মাফিক সেবা প্রদানের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হর্টিকালচার উইং সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা নিয়ে কাজ করে যাচ্ছে। ঢাকাস্থ খামারবাড়ি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তরের মধ্য বিল্ডিং এর দ্বিতীয় তলায় এর দপ্তর। একজন পরিচালকের নিয়ন্ত্রণে এ উইং পরিচালিত হচ্ছে। সদর দপ্তরে একজন অতিরিক্ত পরিচালক, দুই জন উপপরিচালক, দুই জন অতিরিক্ত উপ-পরিচালক, একজন উদ্যান উন্নয়ন কর্মকর্তা, একজন সহকারী প্রধান এবং একজন সহকারী উদ্যানতত্ত্ববিদ কারিগরী ও দাপ্তরিক কাজে পরিচালককে সহায়তা প্রদান করছেন। উদ্যান ফসলের মানসম্পন্ন উন্নত জাতের চারা/কলম উৎপাদন ও বিতরণ, মাতৃবাগান সৃজন, জার্মপ্লাজম সংরক্ষণ, জাতীয় পর্যায়ে মেলা বাস্তবায়ন, উদ্যান ফসল বিষয়ক প্রযুক্তি হস্তান্তর এবং সুলভ মূল্যে সকলের নিকট চারা কলম বিতরণ সহ দেশের বিভিন্ন জেলায় ৭৫ টি হর্টিকালচার সেন্টারের মাধ্যমে হর্টিকালচার উইং এর মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালিত হচ্ছে। এসকল হর্টিকালচার সেন্টারের সুষ্ঠ পরিচালনার জন্য ২৯ টি হর্টিকালচার সেন্টারকে ক্যাটাগরী-১ এ অন্তর্ভুক্ত করে ২৯ জন উপপরিচালক, ২৬টি হর্টিকালচার সেন্টারকে ক্যাটাগরী-২ এ অন্তর্ভুক্ত করে ২৬ জন উদ্যানতত্ত্ববিদ ও ২০ টি হর্টিকালচার সেন্টারকে ক্যাটাগরী-৩ এ অন্তর্ভুক্ত করে ২০ জন নার্সারী তত্ত্বাবধায়কের মাধ্যমে উদ্যান ফসলের সম্প্রসারণ সেবা প্রদান করা হচ্ছে। এ উইং এর মাধ্যমে দেশে মাশরুম চাষ প্রযুক্তি সম্প্রসারণ ও মাশরুমের গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য একজন উপপরিচালকের তত্ত্বাবধানে সাভারে একটি আধুনিক গবেষণাগারসহ স্বয়ংসম্পূর্ণ মাশরুম উন্নয়ন ইনস্টিটিউট পরিচালিত হচ্ছে।

হর্টিকালচার উইংয়ের উল্লেখযোগ্য কার্যক্রম:

- উদ্যান ফসলের আধুনিক প্রযুক্তির তথ্যানুসন্ধান ও উদ্ভাবিত নতুন প্রযুক্তি সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ
- দেশি ও বিদেশি উদ্যান ফসলের মানসম্মত জার্মপ্লাজম সংগ্রহ ও উপযোগিতা যাচাই, সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন
- হর্টিকালচার সেন্টারসমূহে উন্নত ও মানসম্পন্ন বীজ ও চারা উৎপাদন বিষয়ক তদারকি
- হর্টিকালচার সেন্টারসমূহের বার্ষিক উৎপাদন পরিকল্পনা, গৃহীত কার্যক্রম ও অর্থনৈতিক বিষয়ে প্রশাসনিক অনুমোদন এবং সেন্টারসমূহ হতে রাজস্ব আয় বৃদ্ধির বিষয়ে পদক্ষেপ গ্রহণ এবং সেন্টারের সকল প্রকার আয়-ব্যয় সম্পর্কিত তদারকি
- হর্টিকালচার সেন্টারসমূহের মানবসম্পদ, অবকাঠামো ও প্রযুক্তিগত উন্নয়নে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন উইং-এর পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং
- সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের সহিত সমন্বয়
- উদ্যান ফলস উৎপাদনে সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও গবেষণাভিত্তিক সমাধানের জন্য গবেষণা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ
- সদর দপ্তর ও হর্টিকালচার সেন্টারসমূহের জনবলের দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ
- বেসরকারি নার্সারি/মাশরুম উৎপাদন প্রতিষ্ঠানসমূহের সহিত সমন্বয় ও তাদেরকে সম্ভাব্য সহায়তা প্রদান ইত্যাদি।

হর্টিকালচার উইংয়ের অর্জনঃ

১. বছরওয়ারি চারা কলম উৎপাদন:

অর্থবছর	উৎপাদনের পরিমাণ চারা/কলম (সংখ্যা)
২০২০-২১	৭৭০৯১৮৩
২০২১-২২	৮০০০৮৪৯

২০২২-২৩	৭৯১২৮৮২

২. বছরওয়ারি মাশরুম উৎপাদনঃ

অর্থবছর	মাশরুম বীজ		তাজা মাশরুম	
	লক্ষ্যমাত্রা (প্যাকেট)	উৎপাদনের পরিমাণ (প্যাকেট)	লক্ষ্যমাত্রা (কেজি)	উৎপাদনের পরিমাণ (কেজি)
২০২০-২১	৪০০৭০	৩৪৫২৫	৮২	৯৯
২০২১-২২	৪২০৭৫	৩৩৪৩২	৮৬	১৯৯
২০২২-২৩	৪২১৩৩	৪২৫৮০	১০৩	১৪৫

৩. বছরওয়ারি রাজস্ব আদায়ঃ

অর্থবছর	রাজস্ব আদায় (টাকা)
২০২০-২১	৬১১১৫০৯২
২০২১-২২	৬০১৮৩৩৪৭
২০২২-২৩	৫৬২৫৭১৯৭

৪. বছরওয়ারি ফল উৎপাদনঃ

ক্রমিক নং	ফলের নাম	২০২০-২১ অর্থবছর		২০২১-২২ অর্থবছর		২০২২-২৩ অর্থবছর	
		জমির পরিমাণ (হেক্টর)	উৎপাদন (হেক্টর)	জমির পরিমাণ (হেক্টর)	উৎপাদন (হেক্টর)	জমির পরিমাণ (হেক্টর)	উৎপাদন (হেক্টর)
১	আম	১৯৮৫৭৮	২৫০০৫৭০	২০২৯৬৮	২৩৫০৪৯৯	২০৪৭৩৭	২৭০৭৪৫৯
২	কাঁঠাল	৬৫৩৬৪	১৮৪৮৯৯০	৬২২৭৩	১৮৯৩৩০৩	৫৮৬৭০	১৮২৪০০০
৩	লিচু	৩১২৬১	২১০৩২২	৩০৫৬৫	২২৫৮৯৮	৩২০৯৬	২৩০৭৮০
৪	কলা	৯১৪৬৭	২০৫৯৮৬৬	৮৮৯৩৮	২৯৭৮৭২৩	৯৪৭১৮	২৫৩৭৪০৮
৫	পেঁপে	২৭৪৭৩	৬৭৯৯২২	২৭৯৪৪	৭১৩৯৪৪	২৮৫৬৯	৭২১২৯০
৬	পেয়ারা	৩২৫৬৯	৪৩০৯০৪	৩১৩৪৫	৪৩০১২৪	৩০৩৩৭	৪৯৭৩৭১
৭	কুল	১৬৫২১	২১১৮৪১	১৫৮৯৫	১৭৭০০১	১৫৪৬৬	১৭৫৯১৩
৮	নারিকেল	৪২২৩২	৫১৯৪৫৮	৩৮২২১	৫১০৩৬০	৪৬৮৯৯	৫৬৭৩৫২
৯	জাম	৪৮২৯	৫০৮৮৪	৫৬৮২	৫১৩২৬	৫৪৬১	৪৬৬৬৫
১০	আনারস	২৬২০২	৪৬৯৫৩৬	১৮৬৫৪	৫৩৬৯০৫	২০০২৮	৫৮০৯৭৭

৫. বছরওয়ারি ফুল উৎপাদনঃ

ক্রমিক নং	ফুলের নাম	২০২০-২১ অর্থবছর		২০২১-২২ অর্থবছর		২০২২-২৩ অর্থবছর	
		জমির পরিমাণ (হেক্টর)	উৎপাদন সংখ্যা	জমির পরিমাণ (হেক্টর)	উৎপাদন সংখ্যা	জমির পরিমাণ (হেক্টর)	উৎপাদন সংখ্যা
১	গোলাপ	৫৬০.৭০	৫৫৫৫৫৩০৭৪	৭৫৬.৭৯	৪২৯৩৫২১০৪	৭০৯.২২	৩৭৫৯৩৫৬০০
২	গাঁদা	৬৭১.৮৮	১২৮৩৫৭৪৯২৩	৫২৭.৮৭	১৮৫৭৪৩৬৫০	৫২২.১৯	২০১৭৯৫৫০০
৩	রজনীগন্ধা	২৮৪.০৫	৩৯৮.২৩	৩২১.৬৬	১৬০০৪৬৬৫০	২৯৪.৯১	১৩৬৪৯৯৬৩৬
৪	বাগানবিলাস	২৪.০৯	৪৭৯৭৪৭৮	৩০.৭০	২১১০৫০০০	২০.৪১	২৫৭৪৮১৭
৫	বেলী	৫.২০	৫৮৫৯৬৩০	২.২৩	২১৭৩২৫	০.২৩	১৭৩২৩
৬	জবা	১১.৪৮	১১৯৩৭৫০	১.১১	৫০৯১৫৮	২.১৫	১৫৩৭৫০
৭	চন্দ্রমল্লিকা	৪২.৫৭	৩৬৮৭৭৫৩৮	৪২.৩৮	১৪৭০৫২৫০	৩২.৬৩	৯৪৯৭৭৫০
৮	ডালিয়া	২৬.৭৪	২০৮৪৭৭	২৬.১৫	১০৫০৯৫৫	২৩.৮৩	২৮৪৬৭০৫
৯	কসমস	১৬.৬৫	৫৬৩৪১৪১	২২.৩৭	৫২০৯২১৫	১৩.৩৯	৫৫৯৫৩৩৭
১০	অর্কিড	৮.২৫	২৫৫১৩০	১২.২৫	১৪৬৫০০০	১২.৩৫	১৪৬৬২৫০

হর্টিকালচার উইং এর কার্যক্রমের চিত্রঃ

মাদারীপুর হর্টিকালচার সেন্টার পরিদর্শন করেন কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মহোদয় ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক মহোদয়

হর্টিকালচার সেন্টারের বাগান পরিদর্শন করছেন উইং এর সম্মানিত পরিচালক মহোদয়

প্রশিক্ষণ উইং

৩. প্রশিক্ষণ উইং এর পরিচিতিঃ

প্রশিক্ষণ উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের একটি অন্যতম গুরুত্বপূর্ণ উইং। একজন পরিচালক এ উইং এর দায়িত্বে আছেন। ডিএইর কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশে/বিদেশে চাকুরিকালীন প্রশিক্ষণ, কর্মশালা ও শিক্ষা সফরের ব্যবস্থা গ্রহণ করা এ উইং এর দায়িত্ব। তাছাড়া এ উইং ডিএইর বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ণ করে থাকে এবং তা ১৮ টি কৃষি প্রশিক্ষণ ইনষ্টিটিউট ও জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির মাধ্যমে বাস্তবায়ন করে। বর্তমানে ১৮ টি এটিআইতে ৪ বছর মেয়াদি কৃষি ডিপ্লোমা কোর্স পরিচালিত হচ্ছে।

এটিএইসমূহের জমির পরিমাণ সংক্রান্ত তথ্য

ক্রঃ নঃ	এটিআই এর নাম	একাডেমিক বিল্ডিং	ছাত্র হোস্টেল	ছাত্রী হোস্টেল	অন্যান্য				জমির পরিমাণ (হে.)
					কর্মকর্তাদের আবাসন	অতিথি ভবন	কর্মচারীদের আবাসন	কৃষক প্রশিক্ষণ কেন্দ্র	
১	এটিআই, ঢাকা।	১	১	১	৬	০	৫	০	৩.১২
২	এটিআই, গাজীপুর।	২	১	১	১	০	১	০	১১.৮৫
৩	এটিআই, ফরিদপুর।	১	১	১	০	১	০	০	৩৪.০৪
৪	এটিআই, শেরপুর।	১	১	১	৩	১	৪	০	১৬.৯৭
৫	এটিআই,নারায়ণগঞ্জ।	১	১	১	১	০	১	১	৩.৭২
৬	এটিআই, বরিশাল।	১	১	১	২	০	১০	০	৮.৪৪
৭	এটিআই, কুমিল্লা।	১	১	১	১	০	১	১	৫.২৬
৮	এটিআই, নোয়াখালী।	১	১	১	২	০	১	০	২০.৬৪
৯	এটিআই, চট্টগ্রাম।	১	১	১	২	১	৪	০	১৪.৫২
১০	এটিআই, রাঙ্গামাটি।	১	১	১	২	০	২	০	১০
১১	এটিআই, সিলেট।	২	১	১	৮	২	৮	০	১৮.২১
১২	এটিআই, রংপুর।	১	১	১	৭	১	৭	০	১৪.০৩
১৩	এটিআই, গাইবান্ধা।	২	১	১	২	১	১	০	৩৪.৯৩
১৪	এটিআই, পাবনা।	২	১	১	২	১	৪	০	১৩.৬৭
১৫	এটিআই, ঝিনাইদাহ।	১	১	১	১	০	১	১	৮.৬৫
১৬	এটিআই, খুলনা।	১	২	১	১৩	১	২৭	০	৪৮.৪৩
১৭	এটিআই,সাটুরিয়া।	১	১	১	১	১	১	১	২.৯
১৮	এটিআই, বাঞ্ছারামপুর।	১	১	১	১	১	১	১	৩.২৪
	মোট	২২	১৯	১৮	৫৫	১১	৭৯	৫	-

প্রশিক্ষণ উইং এর প্রধান প্রধান কার্যাবলি সমূহঃ

- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা এবং কর্মচারীদের প্রশিক্ষণ চাহিদা নিরূপণ, প্রশিক্ষণ সূচি প্রণয়ন ও বাস্তবায়ন
- কৃষক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ, কৃষকদের সক্ষমতা বৃদ্ধি এবং উপজেলা/জেলায় অনুষ্ঠিত কৃষক প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয়, তথ্য সংরক্ষণ
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জন্য প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন, পরিমার্জন
- অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণের মাস্টার প্লান তৈরি
- সকল প্রকার প্রশিক্ষণের পাঠ্যক্রম প্রস্তুত ও উন্নয়ন
- সকল কৃষি প্রশিক্ষণ ইনস্টিউটের প্রশাসনিক, একাডেমিক ও উন্নয়ন কার্যক্রমের তদারকি এবং মনিটরিং
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সহিত কৃষি ডিপ্লোমা শিক্ষা সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় কৃষি ডিপ্লোমা কোর্স কারিকুলাম অনুযায়ী সেমিস্টার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে ভূমিকা গ্রহণ
- কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের পাঠ্যসূচি প্রণয়ন ও উন্নয়নে কার্যক্রম গ্রহণ
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও সমপর্যায়ের অন্যান্য প্রতিষ্ঠানের সহিত সমন্বয়
- চাহিদাভিত্তিক ও সময়োপযোগী কৃষক বিষয়ক তথ্য সংগ্রহ, প্রচার ও প্রকাশনার ব্যবস্থা
